Guidelines for Authors

Creatcrit (ISSN 2347-8829) is a multilingual (Assamese, Bengali, English), peer-reviewed research journal on Arts & Humanities published in January and July every year and accommodates original and unpublished articles/ papers having research values.

The main text of the article/paper shall not be more than 4000 words, and must include an abstract within 200 words in addition to 5–7 keywords.

Articles/ Papers must carry objective, hypothesis, significance of study and methodology followed in the article/paper.

Works cited in the text, notes and references conforming to the style (APA/MLA) as current in respective disciplines must be at the end of the text.

Authors must provide the name of the topic of the Article/ Paper on the top, and their name, address, email address and contact number at the top right hand corner.

Articles/Papers in Assamese/Bengali language should be in Ramdhenu/ Geetanjali font while English of Times Roman.

Name of topic, abstract and keywords of Assamese/Bengali articles/ papers shall carry English translation.

Authors are to give a declaration that the text is original and unpublished one, not sent anywhere in any form for publication.

Each of the papers received will go through a process of blind review before the experts of the respective area, and only on their recommendation, the same will be considered for publication.

Any suggestion for revision of article/paper by the reviewers will be intimated to the respective author in due course.

Authors will be given time for revision, retraction, correction of mistakes etc., and if need be another three weeks' time for correction of mistake.

Authors will be given sufficient scope to apologize for any mistake in the paper published

Authors must take utmost care to avoid plagiarism and must maintain high ethical and professional standard and research publication ethics.

Article/paper should be sent via e-mail:creatcrit@gmail.com, and mailing address for the hard copy is Dr. A.K.Singha, Dept. of Bengali, A.D.P. College, Haiborgaon, Nagaon, Assam, India. PIN: 782002.

There is no publication charge. Hard copies are available on request.

Processing fee of Rs. 1000/- may be sent to the Editor, Creatcrit. Current A/C no.35723804489 SBI, Haibargaon, IFSC-SBIN005462.

Disclaimer: Views expressed in articles/papers published in this journal are those of respective authors, not of Creatcrit. Neither the Editorial Board nor the Publisher of Creatcrit is responsible for the opinions expressed by the authors in their articles/papers. All disputes regarding the journal will be settled at the Nagaon Court, Assam, India-782001.

14
Year of start : 2014
ISSN : 2347-8829

www.creatcrit.co
Index No. - 5139
PIF(I2OR) - 3.565

Creatcrit

A multidisciplinary (Arts & Humanities) and multilingual (Assamese, Bengali, English) Peer-reviewed Journal published in every January and July.

Vol.-7, No.-2, July, 2020

Editor
N. Pattanayak

Associate Editor
Ajit Kr. Singha

Creatcrit
A Peer-reviewed Journal on Arts and Humanities

ADVISORY BOARD

Prof. Achintya Biswas
Prof. Ranjit Kr. Dev Goswami
Prof. J. K. B. Rout
Prof. A. K. Talukdar
Dr. S.U. Ahmed

EDITORIAL BOARD

Editor
Dr. Nityananda Pattanayak
09435537222 (M)
Professor, Dept. of English
Mahapurusha Srimanta Sankaradeva Viswavidyalaya
Nagaon, Assam- 782001
email- creatcrit@gmail.com

Associate Editor
Dr. Ajit Kumar Singha
09435061520 (M)
Dept. of Bengali
ADP College, Haibargaon, Nagaon : Assam
email- creatcrit@gmail.com

MEMBERS

Dr. Nigamananda Das, Prof., Dept. of English, Nagaland University, Kohima. **Dr. Bhagabat Nayak,** Prof., Dept. of English, Rajiv Gandhi University, Arunachal Pradesh. **Dr. Rabin Deka,** Prof., Dept. of Sociology, Tezpur University, Tezpur. **Dr. B.C. Dash,** Prof. Dept. of English, Assam University. **Dr. M.K. Sinha,** Prof., Dept. of Economics, Nagaland University. **Dr. Manik Kar,** Former Associate Prof., Nowgong College, Nagaon. **Dr. Sanjay Bhattacharjee,** Dept. of Bengali, Gauhati University, Guwahati, **Dr. Panchanan Mishra,** Former Reader, Rajendra College Autonomous Bolangir, Odisha, Dept. of English, **Dr. Khokan Kumar Bag,** Assoc. Prof, Dept. of Bengali, Presidency University, Kolkata

Publisher : Dr. N. Pattanayak ***Cover Design :*** Prasanta Kr. Gogoi
Layout : Jatin Saikia ***Printing :*** Ajanta Press, M.G. Road, Nagaon -1

Editorial Office : Creatcrit C/O- Dr. N. Pattanayak, Gandhinagar, L.K. Road, Haibargaon, Nagaon, Assam, India. Pin- 782002
E-mail : creatcrit@gmail.com : : Website : www.creatcrit.co

২) তদেব, পৃ - ২৩০
৩) তদেব, পৃ - ৩৪৫
৪) তদেব, পৃ - ৩৪৯
৫) তদেব, পৃ - ৫৪০
৬) তথ্যদাতা — শ্রীবর্ণালী ডেকা, বয়স ৪৫ বছর। পেশা-গৃহিণী। নারিকেল বস্তি, গুয়াহাটি: আসাম।
৭) অসমর লোকসংস্কৃতি কোষ, পরমানন্দ রাজবংশী (সম্পাদিত), গুয়াহাটি: জ্যোতি প্রকাশন, ২০১৪ ইং, পৃ - ১৮৫
৮) তথ্যদাতা : শ্রীমতী সবিতারানি দাস, বয়স - ৭০ বছর। পেশা - গৃহকর্ম। ঠিকানা — গ্রাম বিদ্যানগর, পোঃ নিলামবাজার, জেলা - করিমগঞ্জ, আসাম।
৯) তথ্যদাতা : শ্রীযুক্ত নরেন্দ্র দাসপুরকায়স্থ। বয়স-৭৬ বছর। পেশা-কৃষিকর্ম, ঠিকানা — গ্রাম, বালিউনা, পোঃ ও জেলা - হাইলাকান্দি, আসাম।
১০) বরাক উপত্যকার ব্রতকথায় নারী পরিসর, সর্বজিৎ দাস। গুয়াহাটি : ভিকি পাবলিশার্স, ২০১১ ইং, পৃ - ৯৯-১০০।
১১) তদেব, পৃ - ১০৩
১২) তদেব, পৃ - ১০৮
১৩) তদেব, পৃ - ১১৩
১৪) তথ্যদাতা : শ্রীযুক্ত দেবাশিস দাস, বয়স - ৫৫ বছর, পেশা - কৃষিকর্ম, ঠিকানা - গ্রাম ও পোঃ - বেরেঙ্গা, জেলা - কাছাড়, আসাম।
১৫) মরাণ সমাজর রীতি-নীতি, সমাজ আরু সংস্কৃতির প্রসঙ্গত কিছু আলোচনা, সংকলন ও সম্পদনা, সূর্য হাজরিকা, গুয়াহাটি : শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্র, ২০১৭ ইং, পৃ - ১১৮-১১৯।
১৬) তথ্যদাতা : শ্রীযুক্তা হেমলতা নমঃশূদ্র, বয়স-৬৫ বছর, পেশা-গৃহকর্ম, ঠিকানা — নগেন্দ্রপুর, পোঃ - বাজারঘাট, জেলা - করিমগঞ্জ, আসাম।
১৭) তথ্যদাতা : শ্রীযুক্ত বসন্ত রায়। বয়স - ৭৫ বছর, পেশা - কৃষিকর্ম, ঠিকানা - গ্রাম, বাসুদেব নগর, পোঃ - দত্তগ্রাম, জেলা - করিমগঞ্জ, আসাম।
১৮) লোকায়ত দর্শন : দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়, কলকাতা: নিউ এজ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, ১৪১৬ বঙ্গাব্দ, পৃ - ৬২-৬৩।
১৯) পূজা পার্বণের উৎসকথা, পল্লব সেনগুপ্ত, কলকাতা: পুস্তক বিপণি, ২০০১ ইং, পৃ - ৫৫।
২০) লোকায়ত দর্শন : দেবীপ্রসাদ চট্টোপাধ্যায়, কলকাতা: নিউ এজ পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, ১৪১৬ বঙ্গাব্দ, পৃ - ১৫৫।

বর্তমান আছে। এগুলোর উৎসভূমিতে রয়েছে নানারকম ভিত্তি প্রত্যয় তথা পার্থিব কামনা। বিশ্ব ব্রহ্মাণ্ডের সৃষ্টি ও বিচিত্র লীলাখেলা নিয়ে মানুষের কৌতূহলের অন্ত নেই। জন্ম-মৃত্যু, রাত্রি-দিন, চন্দ্র-সূর্য, পশু-পাখি, গাছপালা, পাহাড়-পর্বত, প্রকৃতির নানা ঘটনা ইত্যাদি মানুষের মনে অসংখ্য প্রশ্নের জন্ম দিয়েছে। সেইসব ঘটনাকল্পের রহস্য উদঘাটনকল্পে মানুষ এগুলোর অন্তরালে বিভিন্ন শক্তিকে প্রতিষ্ঠা করেছে। অন্যদিকে বেঁচে থাকার জন্য চাই পর্যাপ্ত খাদ্য সংস্থান। সাধারণের বিশ্বাস যেহেতু প্রাকৃতিক জৈবিক ক্রিয়াকলাপ সম্পন্ন হয় কোনও নেপথ্য শক্তির পরিচালনায়, সেজন্য কল্পিত শক্তিটিকে সন্তুষ্ট রাখার জন্য সৃষ্টি হয় বিবিধরকম ক্রিয়াকর্ম, আচার অনুষ্ঠান। আসামের কৃষিকেন্দ্রিক অনুষ্ঠানাদির উৎসেও সেই একই কথা।

কৃষিনির্ভর আসামবাসী কৃত ক্রিয়াচারের মূল উদ্দেশ্য ইহলৌকিক কামনার পরিপূরণ। অধ্যাত্মবাদী ধ্যানধারণায় পারত্রিক জগতের প্রতি মনোনিবেশ লক্ষ করা যায়। কিন্তু উল্লিখিত অনুষ্ঠানের মূল সত্য 'আমার সন্তান যেন থাকে দুধেভাতে।' পার্থিব কামনা পূরণার্থে কৃত এইসব অনুষ্ঠান জাদুবিশ্বাস নির্ভর। কল্পনায় প্রকৃতিকে জয় করতে পারলে, বাস্তবভাবে প্রকৃতিকে জয় করাও সম্ভবপর হবে— আদিম মানুষের এই প্রত্যয়কে বলা হয় জাদুবিশ্বাস। মাঠে ত্রিভুজের মতো আকৃতির করে ধানের গুচ্ছ স্থাপন করলে পরের বছর গুচ্ছগুচ্ছ ধান হবে, বেঙের বিয়ে দিলে বৃষ্টি হবে, উঠোনে কৃষি সংক্রান্ত ছবি আল্পনায় আঁকলে ছবিগুলো বাস্তাবে উদ্ভাসিত হবে, হাঁস-ছাগল-মোরগ উৎসর্গ করলে শস্যধাত্রী প্রসন্ন হয়ে গোলাভর্তি ধান দেবেন কিংবা মদ্যপানের মাধ্যমে অতিন্দ্রীয় অনুভূতি লাভ করে উদ্দিষ্ট দেবতার সঙ্গে একাত্ম হওয়া যায়— এসব কল্পনা বাস্তবে প্রতীত হবে বলে যে বিশ্বাস, তা-ই জাদুবিশ্বাস। অসমের বিভিন্ন কৃষিমূলক ক্রিয়াচারে এই বিশ্বাস সম্পৃক্ত।

বর্ণভিত্তিক লিঙ্গভিত্তিক বিভাজনের ঊর্ধ্বে উঠে উল্লিখিত অনুষ্ঠানগুলো সাম্যের বাণী শোনায়। সংঘবদ্ধভাবে অনুষ্ঠান উদ্‌যাপনের মাধ্যমে একতার সুর ধ্বনিত হয়। গ্রামীণ ঐক্যবদ্ধ জীবনাদর্শকে তা প্রতীকায়িত করে। অনুষ্ঠানের সবরকম উপকরণ বাজার থেকে কিনতে হয় না। পাড়াপড়শি থেকে সংগ্রহ করে অনুষ্ঠান পালন করা যায়। পারস্পরিক নির্ভরশীল বন্ধনের নজির এভাবে পাওয়া যায়। কৃষিজীবী আসামবাসীর জনজীবন ও জনমানসের সামগ্রিক পরিচয় লাভের জন্য উক্ত আচার-অনুষ্ঠানের বিচার-বিশ্লেষণ সেজন্য তাৎপর্যবহ।

পণ্যবাহী বিশ্বায়নের সাংস্কৃতিক আগ্রাসনে সকল জনগোষ্ঠীর কৃষ্টি সংস্কৃতি আক্রান্ত। দ্রুত পরিবর্তনশীল জীবন প্রণালীর ফলে ঐতিহ্যানুগ আচার অনুষ্ঠানে বেনো জল ঢুকছে ক্রমশ। তবে হতাশ হওয়ার অবকাশ নেই। কেননা মানুষের মৌলিক সৃষ্টির প্রবহমানতা সর্বকালে সর্বত্র ঘটে থাকে— অন্যভাবে অন্যরূপে বিকল্প পন্থায়। আসামের কৃষিকেন্দ্রিক ক্রিয়াচারের অভিপ্রকাশ ঘটতে থাকবে এইভাবে, গ্রহণ-বর্জনের চিরন্তন নিয়মানুসারে।

তথ্যসূত্র :

১) অসমর লোকসংস্কৃতি কোষ, পরমানন্দ রাজবংশী (সম্পাদিত), গুয়াহাটি: জ্যোতি প্রকাশন, ২০১৪ ইং, পৃ-২২২।

Contents

Creatcrit, Vol.-8, No.-1, July, 2020

- Motherhood Within Slavery: A Study of Toni Morrison's *A Mercy*
  Pujaparna Dash **1**
- Identity Crisis in Select Essays of Temsula Ao's *On Being A Naga:Essays*
  Akobou Prescila Loucü **10**
- Jibanananda Das's Poems: A Modern Craft
  Amitabh Ranjan Kanu **17**
- The Origin and Migration in the Legends of the Poumai Naga of Manipur
  R.V Weapon **22**
- *Kiju nu Kelhou (Life on This Earth)*: The Female Protagonist Portrayed as "A Typical Naga Woman."
  Thejazeno Yalie **28**
- A Multifaceted Picture of Ordinary People in a Naga Society in *The Power to Forgive And Other Stories* by Avinuo Kire
  Khriethono Lese **35**
- Self-Absorption and Deterioration in Fitzgerald's *The Beautiful And Damned*
  Meyisongla **43**
- Sexuality as a Central Tool for Male Dominance and Female Submission in Kamala Das's poem "An Introduction"
  Niya Kent **50**

- Exploring the Nitty-Gritties of Modern Marriage through Shobhaa De's *Spouse*
  K.S Mariam 57
- Problems of Urbanisation on Governance: A Review of Silchar Town
  Deepanwita Dey Purkayastha
  Debotosh Chakraborty 64
- Nativism : A Conceptual Framework
  Jalin Chetia 76
- God : A Reflection of Sweet Separation
  Sankar Chatterjee 83
- 'Immovable' of Banphul : From Jungle to Human Jungle, A Document of Human History
  Gautam Deb 88
- Vaisnav Verses and Borgit : A Comparative Study
  Sanjoy Sarkar 97
- Elements of Modernism in Manik Bandopadhyay's *Padmanadir Majhi*
  (*Boatman of the River Padma*).
  Nityananda Das 109
- Assamese Mind and Life as Reflected in Agricultured-Centric Culture and Institutions of Assam
  Sarbajit Das 119

বিকাশ বা অগ্রগতি সমানতালে ঘটেনি। অসমান উন্নতির ধারায় কোনও কোনও গোষ্ঠী এগিয়ে গেছে, কেউ কেউ আটকা পড়ে গেছে কিংবা তাদের অগ্রগতি ঘটেছে মন্থরগতিতে। ফলে একের সাংস্কৃতিক ঐতিহ্য অন্যের কাছে ভিন্ন অর্থে, ভিন্ন ব্যঞ্জনায় প্রমিত বলা যায়। মানুষের রচিত বিভিন্ন ক্রিয়াকর্ম-ক্রিয়াচার ইত্যাদির উৎসভিত্তি ঐন্দ্রজালিক প্রত্যয় বলে সমাজবিজ্ঞানীরা উল্লেখ করেছেন, যতদিন পর্যন্ত মানুষের জীবনপ্রণালী ও উৎপাদন কৌশল অনুন্নত, ততদিন কাজের জন্যেই জাদুবিশ্বাসের প্রয়োজন অপরিহার্য। উক্ত আচার অনুষ্ঠানের প্রাণবস্তু হল জাদুবিশ্বাস। মানুষ যা কামনা করে ওগুলো করছে, সেই কাজটি সফল হওয়ার জন্য একটা নকল করা হচ্ছে এবং নকল যে করা হচ্ছে তা প্রধানত এই বিশ্বাস থেকেই যে, মানুষ যা করবে প্রকৃতিতে বাস্তবিকই তাই ঘটবে। আল্পনা অংকন, নাচ-গান, বিভিন্নরকম অঙ্গভঙ্গি, উপবাস, ভোজ্যগ্রাস ইত্যাদি বিভিন্ন ক্রিয়াচার পালন করার মধ্যে উক্ত জাদুবিশ্বাস নিহিত। প্রাসঙ্গিক একটি মন্তব্য হল, 'শুধু কামনাই নয়, কামনা সফল হওয়ার বিশ্বাসও। সেই বিশ্বাসই হলো জাদুবিশ্বাস। প্রাচীন সমাজে নাচ-গান অবসর-বিনোদন নয়। সৌন্দর্য উপভোগ নয়। এগুলির উৎসে রয়েছে জাদুবিশ্বাস। এবং এই জাদুবিশ্বাসকে উদ্দেশ্যহীন অন্ধ সংস্কার মনে করাও ভুল হবে।'[২০] আসামের কৃষিভিত্তিক লোকাচারগুলো প্রজন্ম পরম্পরায় বাহিত সুদীর্ঘকালীন ধারার সঙ্গে সংযুক্ত। ফলে সমকালীন বাস্তবতার ভিত্তিতে অবলোকন করলে এগুলোকে অন্ধবিশ্বাস বলা যায় না। বরং কামনা পরিপূরণের বিশ্বজনীন অবয়বকে আসামের জনচিত্তে অবলোকন করা যায়।

আসামের কৃষিকেন্দ্রিক আচার-অনুষ্ঠানের মাধ্যমে সাম্যাশ্রিত মানসিকতার একটি পরিচয় লাভ করা যায়। জাত-পাত-ধর্ম-বর্ণভিত্তিক সমাজব্যবস্থায় ধর্মীয় ক্রিয়াকর্ম সম্পাদনের দায়িত্ব অর্পিত হয় শুধুমাত্র ব্রাহ্মণশ্রেনির উপর। সমাজব্যবস্থা এই শ্রেণিকে উচ্চাসনে অধিষ্ঠিত রেখেছে। অব্রাহ্মণের সঙ্গে এদের জল অচল সম্পর্ক লক্ষিত হয়। কিন্তু সামান্য ব্যতিক্রম ছাড়া উক্ত অনুষ্ঠানাদি সম্পাদন করতে শ্রেণিপ্রসূত পুরোহিতের দরকার নেই। প্রয়োজন নেই তথাকথিত উচ্চবর্ণ বা উচ্চজাতের কোনো প্রতিনিধির। অনুষ্ঠানের প্রস্তুতিপর্ব থেকে শুরু করে সমাপ্তি অবধি সমগ্র জায়গায় সকলের অংশগ্রহণ করতে পারেন। মহিলাকৃত ক্রিয়াচারে তারা নিজেরাই পুরোহিতের আসনে স্থিত হন। বিধিবদ্ধ শাস্ত্রীয় ক্রিয়াচারে দেবতার উদ্দেশ্যে প্রদত্ত নৈবদ্য প্রস্তুতকরণের কাজ ব্রাহ্মণ ব্যতীত কেউ করতে পারে না। অন্যদিকে কামনার বাস্তবায়ন নিমিত্ত সমস্ত অনুষ্ঠানে অব্রাহ্মণ সকলেই অংশ গ্রহণ করেন, কার্য সম্পাদন করেন, বর্ণভিত্তিক বিভাজনের বিপরীতে সমমনস্কতার ছবি উক্ত আচার অনুষ্ঠানে পরিদৃশ্যমান হয়। কিছু কিছু ক্রিয়াচার শুধুমাত্র মহিলাদের কৃত্য হলেও পুরুষেরা এতে ব্রাত্য নন। অনেক অনুষ্ঠান আছে যা নারী পুরুষ উভয়ে মিলে সম্পন্ন করেন। লিঙ্গভিত্তিক বিভাজন এখানে নেই। সকলের জন্য সকলে মিলে অনুষ্ঠানাদি উদ্‌যাপন করে সমন্বয়বাদী মানসিকতার পরিচয় দেন।

উপসংহার

পৃথিবীর সব দেশে সব জনগোষ্ঠীর বিভিন্ন উৎসব-অনুষ্ঠান, পালা-পার্বণ, আচার-বিশ্বাস

অসম্ভব। তাই একই উদ্দেশ্যে, একই স্বার্থে সকলে একত্রিত থাকে। বস্তুত গ্রাম্যজীবনের আদর্শ গোষ্ঠীবদ্ধতা। অনুষ্ঠান উদ্‌যাপনের সম্মিলিত প্রয়াস উক্ত কথার সাক্ষ্য দেয়।

উল্লিখিত আচার-অনুষ্ঠানের মধ্য দিয়ে কৃষিকেন্দ্রিক কামনা-বাসনা চরিতার্থতার প্রয়াস লক্ষ করা যায়। এই কামনা সম্পূর্ণভাবে ইহলৌকিক। ঐহিক জীবনে ধান্যশস্যে সমৃদ্ধ থাকার আকাঙ্ক্ষা উক্ত অনুষ্ঠানগুলোর মূল সুর বলা যায়। কেননা যারা খেটে খাওয়া মানুষ, হাল চষতে চষতে যাদের জীবন অতিবাহিত হয়, উদ্বৃত্ত সময় এবং সম্পদ যাদের নেই— এই ধরনের জীবন পদ্ধতিতে সাধারণত অতিরিক্ত ভাব বিলাসিতার অবকাশ থাকার কথা নয়। তাদের কাছে পার্থিব জীবনই সারকথা। সমাজবিজ্ঞানী বলেন, 'যারা মাটি কামড়ে পড়েছিলো মাটির পৃথিবীটাকেই তারা সত্যি বলে মেনেছে। তাদের কাছে বার্তা বা চাষবাসের চেয়ে বড় বিদ্যা আর কিছুই ছিল না। আর তাইজন্যেই তাদের চেতনায় এই মূর্ত মাটির পৃথিবীই সবচেয়ে বড় সত্যি।'[১৮] পারলৌকিক ভাবনা-চিন্তায় অভিক্ষেপ শাস্ত্রীয় বিধিবাহিত অনুষ্ঠানাদিতে হয়তো পাওয়া যাবে। অন্যদিকে যারা নিজেদের সামগ্রিক জীবনের বাস্তব অভিজ্ঞতা দিয়ে, অর্থাৎ প্রতিক্ষণ প্রতিদিন নানা প্রতিকূলতার মুখোমুখি হয়ে যারা বাস্তব সংগ্রাম করে বেঁচে আসছে পারম্পর্যক্রমে, তাদের মননজগতে পার্থিবতাই মূল সত্য বলে বিবেচিত হওয়া স্বাভাবিক। তাই তাদের চাওয়া-পাওয়া ইত্যাদিও ঐহিক। আসামের কৃষিভিত্তিক অনুষ্ঠানগুলোতে এই ইহলৌকিক আকাঙ্ক্ষার প্রতিবিম্ব অবলোকন করা যায়। যথাসময়ে পরিমিত বৃষ্টি, পরিপূর্ণ পরিপূর্ণ ফসল উৎপাদন, পোকা-মাকড়-কীট-পতঙ্গ ইত্যাদির হাত থেকে ধানগাছের রক্ষা, গবাদিপশুর দৈহিক সতেজতা ইত্যাদি পার্থিব কামনার অভিপ্রকাশ উক্ত অনুষ্ঠানগুলোতে দৃষ্ট হয়।

কৃষিভিত্তিক অনুষ্ঠানগুলোতে বলি এবং নৈবেদ্য প্রদান লক্ষ করা যায়।ব্রহ্মাণ্ডের সৃষ্টিলীলার অন্তরালে কোনওরূপ শক্তি নিহিত আছে এবং তার ইচ্ছার উপর নির্ভর করে মানুষের আশা-ভরসা, প্রাপ্তি-অপ্রাপ্তি। সাধারণ মানুষের এরকম বিশ্বাসের ফলশ্রুতি হচ্ছে বলি বা নৈবেদ্য প্রদান। সমাজবিজ্ঞানী বলেন, 'খাদ্যের সংস্থানের জন্য অলক্ষ্য অলৌকিক শক্তি তথা দেবতার উদ্দেশে বলি নিবেদন করার অনুষঙ্গেই নব্যপ্রস্তর যুগ (যখন কৃষির পত্তন ঘটেছে) থেকে শস্য ক্ষেত্রে পশুপাখি, এমনকী নরবলি (বহুক্ষেত্রে কুমারী কন্যা) দেবার প্রথাও গড়ে উঠেছে। এটাই বিবর্তিত হয়েছে যে-কোনো 'শুভ'-কর্মে প্রথমে দেবতার উদ্দেশ্যে 'কিছু' নিবেদন করায়। এই 'কিছু' সব সময়েই যে হাঁস, মুরগি, পাঁঠা বা খরগোস, কি শূকর এমন নয়, মানুষ বলিদানও যথেষ্টই দেখা যেত।'[১৯] কল্পিত শক্তিকে তুষ্ট করা এবং তার শুভদৃষ্টিতে যাতে ফসলে সমৃদ্ধি আসে, সেজন্য আসামের কৃষিজীবী মানুষ সংশ্লিষ্ট অনুষ্ঠানাদিতে বিভিন্ন রকম নৈবেদ্য, বলি ইত্যাদি নিবেদন বা উৎসর্গ করে। আপাতদৃষ্টিতে বা আধুনিক রুচিবোধের নিরিখে তা-সব অন্ধবিশ্বাস বা কুসংস্কার বলে মনে হতে পারে। বলা হতে পারে, অত্যাধুনিক কৃষি প্রযুক্তির যুগে উক্ত আচার অনুষ্ঠান ইত্যাদি প্রগতির নিছক অন্তরায় বৈ কিছুনয়। কিন্তু সমকালীন সমাজ বাস্তবতা, সমাজপদ্ধতি তথা ঐতিহ্যানুগ প্রবহমানের দৃষ্টিকোণ থেকে পর্যালোচনা করলে অন্য তথা লাভ করা যায়। মনে রাখা দরকার যে, সাংস্কৃতিক বৈশিষ্ট্য মাত্রেরই বাস্তব ভিত্তি থাকতে বাধ্য। পণ্ডিতেরা বলেন, পৃথিবীর সকল মানুষের

Creatcrit : ISSN 2347-8829
Vol.-7 No.-2, July, 2020
PP 1–10

Motherhood Within Slavery: A Study of Toni Morrison's *A Mercy*

Pujaparna Dash
Ph.D. Scholar, Department of English, Nagaland University,
Kohima Campus-797004

Abstract: *The literary exploration of the legal objectification and commodification of human beings under the institution of slavery brings to fore, the unspeakable horrors faced by the slaves. Toni Morrison, considered the unofficial spokesperson of African American consciousness, deals with the theme of slavery in most of her books. In her A Mercy, Morrison goes back to the pre-racial society of the late 17th century America, a time when slavery was not defined by race, which later focused primarily on people of African descent, typecasting them as slaves. In this paper, the motherhood motifs have been explored focusing its delineation by female slave characters in the narrative. The study follows gender and racial methodology under the framework of postcolonial study*

Keywords: *Toni Morrison, Slavery, Motherhood. Othermother, racial.*

Slavery has always existed in multiple forms throughout history and across a wide variety of cultures. Slavery in the early Americas was ultimately powered by labour. Any system that predicated in the exploitation and extraction of labour was through violence and force. The first Negro slaves came to America in 1816 with the white settlers. For the initial two decades of their arrival, their status remained as that of indentured labourers who had bound themselves to work for masters for a specified length of time in return for plying the cost of their transport across the Atlantic. Soon however, the white settlers held black Negros even after the completion of their term of servitude and by

1840s Negro slavery gained a strong foothold as the preferred form of labour. They were cut off from their tribal and familial roots, sold in defiance of family ties and exploited sexually, physically and mentally. This brutal severance of all interpersonal and cultural relationships of slaves were later explored by various African American writers like Frederick Douglas, William Wells Brown, Harriet Beecher Stowe whose work *Uncle Tom's Cabin* was believed to be a catalyst that had caused the Civil Wars in America, among others. In this arena of African American literature, Toni Morrison occupies a very unique position in that she became the literary force that gave voice to the sufferings of black women who had to face both racial slavery and patriarchal dominion.

One of the major themes in her novel is motherhood, which she uses to challenge stereotypical assumptions and value system associated with the concept of motherhood. In an interview Toni Morrison says, "One of the nice things that women do is nurture and love something other than themselves- they do that rather nicely" (Rothstein 1987). In the western view of the institution of motherhood, it is viewed as the cause of female oppression, the reason that relegated women to the position of the second sex. However in black feminist theories, motherhood becomes the site for empowerment and of resistance. It is through motherhood that the black population under slavery were able to instil the values of self-worth and justice amongst their young ones which later became the defining power behind their struggle for freedom. In this paper the varied motifs of motherhood as depicted in Morrison's novel *A Mercy* has been explored.

Published in 2008, the ninth novel of Morrison, *A Mercy* is set against a murky and opaque time in history of America of the 1680s. The novel presents a situation of flux, a time of the consolidation of America and its ways, and a time when slavery was pre-racial. It chronicles the journey of Jacob Vaark, who like countless others, had moved to the new world to make a life for himself. Contrary to the popular trends of the time, Vaark was strangely against slavery and was uninfluenced by the growing racial prejudices of the time. The other major characters apart from Jacob Vaark are his mail order bride Rebecca and their three female slave servants-Lena, Sorrow and Florens. The entire narrative is structured around the third person narrative of each of these characters with an additional chapter voiced by Minah, Mae Floren's mother, in the last chapter of the novel, with

লক্ষ্মীর গুঁড়ি

মাঘমাসের যে-কোনও শুভদিনে 'লক্ষ্মীর গুড়ি' করা হয় বরাকে। কেউ কেউ অগ্রহায়ণ মাসেও করেন। গোলায় ধান তোলা সাঙ্গ হলে তা করা হয়। এদিন গৃহস্থী মহিলা লক্ষ্মীপুজো করেন দুপুরবেলা। বারপুজোর মতোই, তবে অল্প আড়ম্বর করে। লক্ষ্মীকে নিবেদন করেন নতুন ধানের চাল কলাপাতায় বা ধাতু নির্মিত পাত্রে। নতুন ধান আগে থেকেই রাখা হয়। অর্থাৎ ধান মাড়াইয়ের সর্বশেষ দিনের অল্প ধান আলগা করে ওইদিনই তুলে রাখা হয়। অনুষ্ঠানের আগে তা কুটানো হয়। লক্ষ্মীর গুড়িতে তা নিবেদন করে সেগুলো গুঁড়ো করা হয় এবং নানারকম পিঠেপুলি বানিয়ে সকলে মিলে খান।[১৭]

আসামে বিভিন্ন জনজাতি-জনগোষ্ঠীর বসবাস। প্রত্যেক গোষ্ঠীর নিজস্ব সাংস্কৃতিক ধারা প্রবাহমান। নানা ভাষা, নানা পরিধান—বিবিধের এই সৌন্দর্য পরিস্ফুট হয় মিলনের মহানতায়। কৃষি প্রধান আসামের অর্থনৈতিক ভিত্তি গ্রামাঞ্চলে নিহিত। ইট-কংক্রিটের শহুরে সংস্কৃতি আসামের গ্রামকে এখনও সেরূপ গ্রাস করেনি। ফলে পারম্পর্য ক্রমে প্রবাহিত সাংস্কৃতিক অনুশীলন সংশ্লিষ্ট ভাবপ্রবণতা এবং গোষ্ঠীগত স্বকীয় জীবনযাপন পদ্ধতি গ্রামে এখনও লক্ষ করা যায়। কৃষিই যেহেতু জীবিকার প্রধান উপায়, সেজন্য কৃষিমূলক আচার-অনুষ্ঠানে সংশ্লিষ্ট গ্রাম্যজীবনের প্রতিচ্ছবি পাওয়া যায়। উপরে উল্লিখিত অনুষ্ঠানগুলো সাধারণত গ্রামেই উদ্‌যাপিত হয়। গ্রামীণ মানুষের প্রাত্যহিক জীবনের ছাপ অনুষ্ঠানগুলোতে লক্ষ করা যায়। সামান্য ব্যতিক্রম থাকলেও উক্ত আচার-অনুষ্ঠানে ব্যবহৃত বিভিন্ন উপকরণগুলো সাধারণত সংগ্রহ করা হয়। অর্থের বিনিময়ে বাজার থেকে তা ক্রয় করার প্রয়োজন হয় না। অসচ্ছল গ্রামীণ মানুষের পক্ষে যথেচ্ছ অর্থ ব্যয় সর্বত্র সম্ভবপর নয়। অথবা নাগরিক জীবনের মতো ব্যাপক পেশাদারিত্বের অনুপ্রবেশ গ্রামীণ জনজীবনে সেভাবে ঘটেনি। বরং পারস্পরিক নির্ভরশীলতার উপর ভিত্তি করে তাদের প্রাত্যহিক জীবন যাপিত হয়। অনুষ্ঠানের জন্য উপকরণ সংগ্রহ করা থেকে তা অনুমিত হয়।

অনুষ্ঠানের আদর্শ মিলনাত্মক। কিছু কিছু ক্রিয়াচার এককভাবে সম্পাদিত হলেও একাধিক বা দলগতভাবে তা পালিত হয়। একজনের সংকল্প করা অনুষ্ঠানে পাড়াপড়শি অন্যান্য লোকজন তাতে এসে শামিল হন। একের পার্বণ এককে অতিক্রম করে তা সকলের হয়ে ওঠে। গ্রামীণ সংঘবদ্ধ জনজীবনের ছাপ এখানে প্রতীয়মান হয়। একজনের ফসল ভালো হলে অন্যেরও তাতে লাভ। কেননা পারস্পরিক নির্ভরশীলতা গ্রাম্যজীবনের ধর্ম। তাই একজনের জন্য অন্যজন সুখে-দুঃখে হৃদয় প্রশস্ত করেন। সাবলীল, উদার গ্রাম্য মানুষের জীবনচিত্র তাদের অনুষ্ঠানগুলোতে লক্ষ করা যায়।

কৃষিকাজ করেন মূলত গ্রামের খেটে খাওয়া সাধারণ মানুষ। তাদের নির্ভর করতে হয় প্রকৃতির অনুকূল অবস্থা, গবাদি পশুর দৈহিক সবলতা এবং নিজের সুস্বাস্থ্যের উপর। এই ব্যাপারটি শুধুমাত্র একজন ব্যক্তির জন্যই অপরিহার্য নয়। তা সকলের। অতিবৃষ্টি বা অনাবৃষ্টি উভয়ই একজনের জন্য নয়, সকলের জন্য প্রতিকূল। তা থেকে উত্তীর্ণ হওয়া একজনের পক্ষে

কৃষিকাজের সময় গরু-মোষের প্রচণ্ড শক্তিক্ষয় হয়। এগুলো বোবা প্রাণী। দৈহিক কষ্টের কথা ব্যক্ত করতে পারে না। কিন্তু দরদি কৃষক তা অনুধাবন করতে সক্ষম। তাই ঘরে ফসল তোলার পর তাদের প্রতি কৃতজ্ঞতা ও শ্রদ্ধা জানাতে হপ্তুই পালন করা হয় বলে জানা যায়।[১৪]

চারা লাগানো এবং নতুন খাওয়া (গছা লোওয়া এবং ন-খুয়া)

কৃষিভিত্তিক এই দুটি ক্রিয়াচার পালন করেন আসামের মরাণ সমাজের মহিলারা। 'গছা লওয়া' অর্থাৎ চারা লাগানো। আষাঢ়-শ্রাবণ মাসের ক্ষেতকৃষি আরম্ভ করার সময় এই ক্রিয়াচার পালিত হয়। এদিন সহকর্মী ক'জনকে নিয়ে কৃষক মাঠে যান ভক্তের জন্য একগুচ্ছ, পূর্বপরুষের উদ্দেশ্যে একগুচ্ছ, পশুপক্ষীর জন্য একগুচ্ছ ইত্যাদি স্মরণ করে মাটিতে চারা গুঁজে ধান রোপণের শুভারম্ভ করেন কৃষিজীবী পুরুষ। এদিন বাড়িতে ভুরিভোজের আয়োজন করা হয়।

ন-খুয়া অর্থাৎ নতুন খাওয়া— পালিত হয় অগ্রহায়ণ মাসে। প্রথমে গুরুর নির্দেশ অনুসারে গৃহস্থ পাকা ধানের কিছু অংশ কেটে বাড়িতে আনেন। এই ধান লক্ষ্মী হিসেবে বন্দিত এবং প্রথম এই ধানকাটাকে বলা হয় 'কাচি লওয়া।' 'কাচি লওয়ার'র ধান ঝাড়াই করে শুকিয়ে চাল বানিয়ে তা সংশ্লিষ্ট গুরুর ঘরে দান করা হয়। গুরুকে না-দিয়ে নতুন চাল কেউ খান না। ফসল ঘরে তোলার পর নতুন চাল প্রথম খাওয়ার দিন আত্মীয়স্বজন, পাড়া-পড়শি সবাইকে নেমতন্ন করে এনে সকলে মিলে একত্রে খান। ধর্মীয় স্থানে বা ধার্মিক লোকজনকে নতুন চাল যথাসাধ্য দান করাও হয়।[১৫]

ব্যাঙের বিয়া

কৃষির জন্য বৃষ্টি কামনা করে বরাক উপত্যকায় পালন করা হয় ব্যাঙের বিয়া। হলকর্ষণ শুরু করার আগে কোনও একটি দিন স্থির করে পাড়াপড়শিকে বিয়ের বার্তা প্রেরণ করা হয়। সেদিন ধরে আনা হয় দুটো ব্যাঙ। দুটোকে জল দিয়ে পরিষ্কার করে একটি ব্যাঙকে পরানো হয় সিদুঁর। এরপর আরও কিছু ক্রিয়াচার সম্পন্ন করে নিকটবর্তী কোনও জলাশয়ে ব্যাঙ দুটোকে ভাসিয়ে দেওয়া হয়। সেসময় নিম্নোক্ত ছড়াটি আবৃত্তি করা হয়—

ছিকা ভরা দই/মটকা ভরা খই
যমরাজার মা মরছে/পানি পাইতাম কই।
কালা মেঘ ধলা মেঘ বাল্লা মেঘার ভাই
এক ফুটা পানি দেরে, মেঘে ভিজি যাই।।
গুয়ার খুল, বেতের বান
ঝরঝরাইয়া মেঘ আন
এক গুটা হলদি
মেঘ নাম জলদি।।[১৬]

আসামের অন্যান্য জনগোষ্ঠীর মধ্যেও ব্যাঙের বিয়ার প্রচলন আছে। উদ্দেশ্য এক, তবে পালনক্রিয়ার মধ্যে তফাত লক্ষণীয়। মরাণ জাতিগোষ্ঠীর মহিলারা পালন করেন 'ভেঁকুলীর বিয়া।'

a different person narrating every third chapter. Through this complex and shifting narrative structure, Morrison charts the complex and shifting perspectives of the Vaark household and questions the bonds, both emotional and physical between men and women and the complexity of motherhood. Similar to her other novels, in her *A Mercy* too Morrison presents a multidimensional picture of motherhood within slavery through the characters of Sorrow, Lena and Florens, each of whom depicts a different perspective on motherhood.

Through the character of Sorrow, Morrison attempts to portray a more traditional motherhood motif. Apart from her mistress Rebecca, Sorrow is the only true mother in a purely biological sense of the word. She is introduced into the narrative as the sole survivor of a shipwreck, an orphan who having suffered great physical and mental trauma is addled in her mind. Found half dead on the river bank, the "sullen, curly-headed" (Morrison 38), girl was given to Jacob in exchange, for nullifying a lumber purchase Jacob had made. After bringing her to his farmstead, Lena, Jacob's female servant discovers that Sorrow is pregnant which shows that she was sexually exploited by her previous masters. She is a mentally deranged, mongrelised character, depicted as careless and melancholic. Lena describes Sorrow as, "stupid Sorrow" (Morrison 51) as "vixen-eyed … with black teeth and a head of never groomed woolly hair." (Morrison 59). She goes through life as if in a trance headless of her surroundings. Sorrow's incompetence is further amplified by Sorrow herself in the chapters that she narrates. The readers learn of the existence of 'Twin' , Sorrow's 'identical self' (Morrison 137), whom she recollects to have met after being "deep in an opium sleep" (Morrison 138) and who is visible only to her. This strongly suggests that 'Twin' is a figment of imagination of Sorrow, further illustrating the mental instability of Sorrow. When Sorrow delivers her first baby with the help of Lena, who kills the baby as soon as it is born. Lena tells Sorrow that the baby was still born and quickly sets the child off in the river, giving her no chance to react. Sorrow on the other hand believes that her baby was alive and that Lena killed her baby in order to preserve the harmony of the Vaark farmstead wherein the child of a mentally challenged slave servant would be unwanted and unacceptable by all specially Rebecca who had recently lost yet another of her child due to fever. Even though the baby was the result of rape, for Sorrow the baby was still desirable and the loss of which is mourned by her. She is constantly

plagued by the vivid dream of her child drowning and crying out in the river. The second time that Sorrow found herself pregnant, she cleverly hides her situation from the rest of the household, and when the time comes for delivery she goes off alone into the woods and delivers the baby by herself with the help of Scully and William who happen to come across her by chance. Through these actions of the commonly perceived mentally deranged Sorrow, Morrison attempts to show the conceptual development of motherhood. Sorrow's perceptive hiding of her pregnancy, her going off into the woods alone to give birth all in order to protect her child from Lena and others like her shows her developed consciousness of wellbeing for her child. After the birth of the child Sorrow believes, "she had done something important by herself" (Morrison 157). She suddenly transforms into a loving and caring mother who attends to her duties and centres her schedule around her child. Believing in her self-worth, Sorrow no longer sees Twin, develops a sense of independence and freedom. She changes her name from Sorrow to 'Complete'- to hint that becoming a mother had made her complete. She even musters enough courage based on the "legitimacy of her new status as a mother" (Morrison 157) to attempt a conversation with Rebecca which she had never attempted before. Morrison as it seems tries to show the joys associated with motherhood through Sorrow's narrative who transforms from a deranged woman who cannot even properly dress herself to a conscious, protective mother with a work ethic and a newfound sense of self-worth. All her miseries were turned into happiness almost magically after giving birth to her second child.

The native American slave Lena of the Vaark farmstead is portrayed by Morrison as an 'othermother', women who assist bloodmothers by sharing mothering responsibilities (Troester 13-16). In *Toni Morrison and Motherhood: Politics of the Heart*, Andrea O'Reilly discusses a pattern in Morison's novel in which "other women, while not mothers themselves, are ship and safe harbour to children through the practice of othermothering" (O'Reilly 41). O' Reilly defines other mother as a close woman friend who "heals the woman by prompting her to take a journey of re-memory and reconnection" (O'Reilly 41). Not limited to relatives, othermothers help women cope with the loss of their biological mothers, which was a common pattern in slavery. Patricia Hills Collins also adopts the term othermothers to widely refer to women bonds among black women that help them

ভাঁজ করে পোঁটলার মতো বানান। বিকেল বেলা ওই পোঁটলাগুলো ধানের গোলায় ও ঢেঁকি ঘরে রাখেন। ওই মহিলারা উচ্চারণ করে বলেন—

সুন্দা মেথি বেলের ফাত
হিজা মেলে আড়াই হাত
চইলতা পাতাত ধরব কাড়ার
একেক খেত নয় নয় উগার।[১১]

ব্রতটি ফসল উৎপাদনের সঙ্গে সম্পর্কযুক্ত। ছড়াটি লক্ষ করলে বোঝা যায় কৃষির ফসল বৃদ্ধির কামনা করা হচ্ছে।

ভদ্রচণ্ডীর ব্রত

ভদ্রচণ্ডীর ব্রত উদ্‌যাপিত হয় ভাদ্রমাসের সংক্রান্তি দিন। বরাকের সধবা হিন্দু বাঙালি মহিলারা তা করেন। ধানের চারা গাছকে লক্ষ্মীস্বরূপা কল্পনা করে তার সামনে নৈবেদ্য সাজিয়ে রাখা হয়। ব্রতের দিন ধার্য করে এর কিছুদিন আগে ব্রতী মহিলা ধানের বীজ এমন হিসেব করে রোপণ করেন যাতে ভাদ্রমাসের সংক্রান্তির সময় তা চারা দেয়। ওই চারাগাছই ব্রতের উদ্দিষ্ট দেবতা। ধানে শস্যে ঘর পরিপূর্ণ হয়ে উঠুক, এই কামনা করে ব্রতটি করা হয়।[১২]

ভুলাভুলি

কার্তিক মাসের সংক্রান্তি দিন বিকেল বেলা মাঠের মধ্যে 'ভুলাভুলি' উদ্‌যাপন করেন বরাকের কৃষক ও রাখালেরা। ব্রতের কিছু দিন আগে থেকে সন্ধ্যার পর প্রতিবেশীর বাড়ি বাড়ি গিয়ে ব্রতধারীরা মাগন মাগেন ছড়ার সুরে গান করে। অনুষ্ঠানের দিন কৃষকরা তাদের গরু-মোষকে স্নান করিয়ে সংশ্লিষ্ট স্থানে নিয়ে যান। সেখানে একটি জায়গায় কলাপাতায় করে বিভিন্ন ফলার দিয়ে নৈবেদ্য প্রদত্ত হয়। সকলে জড়ো হয়ে ছড়ার সুরে গান আবৃত্তি করেন। তা শেষ করে সকলে মিলে প্রসাদ খান। আর কলাপাতার পাঁচল দিয়ে গরু-মোষকে মারতে মারতে সেগুলো নিয়ে বাড়ি ফেরেন। গবাদি পশুর উপর অন্যের অশুভ দৃষ্টি কাটানো এবং সেগুলোর অসুখ-বিসুখ দূরীভূত হওয়ার জন্য সেগুলোকে প্রহার করার সংস্কার। তারপর খড়পোড়া ছাই পাড়িয়ে পাড়িয়ে পাড়িয়ে গরুকে গোয়ালে ঢোকানো হয়।[১৩]

কৃষিকাজে গবাজি পশুর নিত্য প্রয়োজন। তাই সেগুলোর নিরোগতা কামনা করে 'ভুলাভুলি' উদ্‌যাপন করেন কৃষকেরা।

হপ্তই

মাঘ মাসের শ্রীপঞ্চমীর একদিন পর অর্থাৎ সপ্তমী তিথিতে 'হপ্তই' ক্রিয়াচার পালন করেন বরাকের হিন্দু কৃষক বা গৃহস্থরা। ওইদিন সকালবেলা গরু-মোষকে স্নান করিয়ে এনে উঠোনের তুলসীতলার পাশে বেঁধে রাখা হয়। তাদের পায়ে দেওয়া হয় ধান-দূর্বা। তারপর নতুন চালে বানানো পিটুলি পাত্রে রেখে একটি হুকোর ছিলিম তাতে চুবিয়ে গরু-মোষের সমস্ত গায়ে গোল গোল করে ছাপ দেওয়া হয়। এদিন কেউ কেউ গরু-মোষ মাঠে চরাতে নিয়ে যান না।

তারপর প্রতিবেশী মহিলাদের নিয়ে সমস্ত উঠোন জুড়ে আল্পনা আঁকেন। নতুন চালের পিটুলি বানিয়ে তা করা হয়। আল্পনার চিত্রে থাকে সাধারণত হলকর্ষে ব্যবহৃত সরঞ্জাম, লক্ষ্মীর পা, ধানের গুচ্ছ, শস্য সংরক্ষণের জিনিসপত্র, লতা-ফুল, শঙ্খ ইত্যাদি। আল্পনা অংকন শেষে অর্থাৎ সন্ধ্যার পর নতুন চাল দিয়ে বানানো নানারকম পিঠেপুলি সকলে মিলে খাওয়া দাওয়া করেন।[৮]

ধানহাত বা ধান্যচ্ছেদন

বরাক উপত্যকার হিন্দু বাঙালি গৃহস্থ 'ধান হাত' করেন প্রথম ধান কাটার প্রাক্কালে। পাকা ধান কাটা শুরু করার আগে পঞ্জিকা দেখে শুভক্ষণ নির্ণয় করে গৃহস্থ মাঠে যাবেন। কয়েকটি গুচ্ছ কেটে মাথায় করে এনে ঘরের 'ঠাকুর ঘর'-এ রাখেন। তার আগে ওইদিন স্নান করে, উপোস করে এবং শুদ্ধ বসন পরিধান করতে হয় গৃহস্থকে। মাঠে রাওয়ানা হওয়া থেকে ধান নিয়ে পুনরায় ঘরে ফেরা পর্যন্ত কারো সঙ্গে তার কথা বলা সম্পূর্ণ নিষেধ। কেটে আনা ধানের গুচ্ছকে গৃহস্থী ওইদিন পুজো করবেন দুপুরবেলা। তারপর ঘরের মেঝেতে তা ঝুলিয়ে রাখবেন। সারা বছর ধনধান্যে পরিপূর্ণ থাকার বাসনায় ধানের গুচ্ছগুলো তুলে রাখা হয়। ধানহাত না-করে কৃষক ধান কাটা শুরু করেন না।[৯]

বাবাহরের ব্রত

বরাক উপত্যকার হিন্দু পুরুষেরা 'বাবাহরের ব্রত' বা 'বাবাহরের সেবা' পালন করেন গবাদি পশুর সবলতা কামনা করে। গরু স্ত্রী বাচ্চা দিলে তিরিশ দিন ও পুরুষ বাচ্চা দিলে একুশ দিনের পর প্রথম তিনদিনের দিন ব্রতটি করা হয়। এ ছাড়াও কোনও কিছু মানত করে ব্রত বা সেবাটি পালন করা হয়। ব্রতের উপকরণ হল— চিড়া, খই, গুড়, চিনি, কলা, ফলমূল ও গাঁজা। অনুষ্ঠান হয় সন্ধ্যার পর। বাবাহর হচ্ছেন মহাদেব। মহদেবের আসন সাজিয়ে তাঁর সামনে উপকরণগুলো কোনও পাত্রে নিবেদন করা হয়। তারপর ব্রতকথা বলে শুরু হয় গানকীর্তন। বাবাহরের গানের বিভিন্ন পর্যায় থাকে। পর্যায়ক্রমে গানগুলো গেয়ে অনুষ্ঠান শেষ করেন নিবেদিত ভোগ প্রসাদ হিসেবে আস্বাদন করে।[১০]

লাঙল ভিত্তিক কৃষিকাজে গরু-মোষ অপরিহার্য অঙ্গ। এগুলো সতেজ ও সবল না-থাকলে হলকর্ষণ ফলপ্রসূ হয় না। তাই গবাদি পশুর শ্রীবৃদ্ধি কামনা করা হয় উক্ত ব্রতে।

আট আনাজ ব্রত

আশ্বিন মাসের সংক্রান্তি ও কার্তিক মাসের পয়লা তারিখ, এই দুদিন আট আনাজ ব্রত করেন বরাক উপত্যকার হিন্দু মহিলারা। এই ব্রতের উপকরণ হল— আট রকম সব্জির ডালনা, সনের ফুল, চালতা-পাতা, বেলপাতা, সুন্দা-মেথির গুঁড়ো, তেল, ফুল, ফল ইত্যাদি। ব্রতের দিন ব্রতী মহিলা ঘট স্থাপন করেন। ঘটের সামনে আট রকম সব্জির ডালনা সহ ফল, চাহ ও কলা দিয়ে নৈবেদ্য প্রদান করেন। শনের ফুল ও বেলপাতাকে চালতা পাতার মধ্যে রেখে তা

survive and shape their subjective. The term othermother though refers to black women is adopted in this paper to include women of colour as is the case with Lena. She can be seen as an othermother to Florens, because despite their differences a mother-daughter relationship marks their relationship and together they resist the paradigms of a slave holding society that suppressed and even prohibited emotional bonds amongst slaves as they were viewed as commodity rather than as human beings. Lina is the Native American slave whose entire tribe was wiped out by small pox when she was a child. Upon being rescued by some soldiers she was taken to live among Presbyterians with whom she endured racial discriminations. Through her initial racial suffering in the hands of prejudiced people, Lina determines to rebuild herself as a strong individual who could support, help and protect others, who would be indispensable and who would have a family that she would never abandon. Thus, Lina had to "fortify herself by piecing together scrapes of what her mother had taught her before dying" (Morrison 56). An orphan herself Lina had to become her own woman first and foremost, vowing "never to betray or abandoned anyone she cherishes" (Morrison 57). Thus Lina primed herself to be a mother to others by mothering herself. Following her arrival into the Vaark household, Lena wholeheartedly accepts the family and considers herself a member of the household rather than a slave. She looks after the household, works alongside others in the fam and provides steady female companionship to her mistress Rebecca. When her mistress loses her children in infancy Lena mourns alongside Jacob and Rebecca and through her actions becomes a indispensable part of the household just like she had wanted for herself. However despite it she still hankered for someone to call her very own, whom she could mould, guide and protect. Following the arrival of Florens into the household, Lena immediately takes her under her wing. She gets emotionally attached to Florens and considers her as a daughter and draws parallel between herself and Florens in order to establish herself as a mother. She goes on to describe Florens as "a quiet, timid, version of herself" (Morrison 71), who could read, write, trustworthy and was deeply grateful for every shred of affection. However in the chaos of Jacob Vaark's untimely death and her mistress's Rebecca's illness, the ever protective Lena sends her adored Florens alone in search of the 'Blacksmith', a former employee of Jacob Vaark who had medicinal knowledge. Lena had always protected Florens from everything that she viewed as a threat

and Lena was particularly vehement in protecting Florens from the Blacksmith. However in order to protect their precarious position in the society, they being herself, Sorrow and Florens, who would face an uncertain future if their mistress also died, Lena is forced to sacrifice Florens by sending her alone to find the Blacksmith which she knew would result in the loss of Florens' independence as a woman and would emotionally scar her for life.

Florens, the last and the only Negro slave of the Vaark household is though not a mother biologically, presents a different perspective on motherhood through her experiences and past history. Through the portrayal of Florens, Morrison explores the feelings of inferiority manifested as a result of a decision made out of maternal love. Within the narrative, Morrison makes sure to keep Florens in the dark regarding the true nature of her mother's reason to give her up, while heightening the irony of Florens' situation in the last chapter of the narrative wherein Minah Mae, Florens' biological mother narrates the situation and actions that lead to her giving up her daughter to Jacob Vaark. Florens was brought from the D'Ortega farm at the age of twelve in lieu of a failed payment. Through the narrative of Jacob and Florens herself, we are made aware of the fact that Minah Mae, Florens mother, herself offered up her daughter for sale, she in fact begged on her knees to Jacob to choose Florens instead of her as a form of payment from D'Ortega. For Florens this act of her mother was an act of abandonment. She believed that her mother preferred her younger brother over her and saw her as a nuisance. This believed abandonment of her mother fostered a deep sense of inferiority complex in Florens. She recurrently had a dream throughout the narrative when her mother gives her up in which she focuses only on her mother's act of offering her instead of the reason behind her act, "Her baby boy is still at her breast. Take the girl, she says, my daughter she says. Me. Me." (Morrison 7). This recurrent dream, her sense of abandonment and inferiority feelings made receiving love and approval of others her main purpose in life. Many times she dreams that her mother tries to tell her something, but in her mind there is only one thing she cares- her mother choose the little boy over her.

According to Alfred Adler, the Austrian doctor and psychologist, inferiority feeling is related to the problem of self-esteem and its negative effect on human health. He opines "the growing infant takes into account all the impression he receives, those from his own body and

তুলে মাটিতে আছাড় মারেন। এরপর একে অন্যের গায়ে জল ছিটায় আর বৃষ্টি এলো, বৃষ্টি এলো, বৃষ্টি এলো বলে ধ্বনি দেয়।[৫]

রংকের পূজা কামনামূলক ক্রিয়াচার। মাটিকর্ষণের জন্য বৃষ্টি অপরিহার্য। তাই এই ক্রিয়াচার সম্পাদিত হয় বৃষ্টির আগমন প্রার্থনা করে।

মিনুচি লিদুরবা

'মিনুচি লিদুরবা' একটি কৃষি সংক্রান্ত ক্রিয়াচার। ভাঁড়ারে শস্য তোলা উপলক্ষে তা পালন করা হয়। অগ্রহায়ণ মাসের যে-কোনোদিন অনুষ্ঠানটি উদ্‌যাপন করেন অসমিয়া চুতিয়া জনগোষ্ঠীর লোকেরা। এই ক্রিয়াচারের জন্য ব্যবহৃত উপকরণ হল — কলাপাতা, তাম্বুল-পান, তিনটি ধানের গুচ্ছ, ফলমূল ইত্যাদি। উদ্‌যাপনের দিন গৃহস্থ/গৃহস্থী বর্ণিত উপকরণগুলো একটি কলাপাতায় নিয়ে ভাঁড়ার ঘরের দুয়ারে রেখে উদ্দিষ্ট দেবতাকে প্রার্থনা জানান। তারপর ধানের তিনটি গুচ্ছ ভাঁড়ারের যে কোনও একটি কোণায় সযত্নে রেখে চলে আসেন।

ধনধান্যের দেবী লক্ষ্মী চুতিয়াদের 'মিরুচি'। 'মিরুচি'কে উদ্দেশ্য করে তাঁরা পালন করে 'মকচ্ছিবা'। এটি নতুন চালের পূজা। 'মিনুচি লিদুরবা' সম্পন্ন করে এই পর্বটি পালন করা হয়। নতুন ধানের চালের প্রতি শ্রদ্ধা নিবেদন করার পর তা ভোজ্য হিসেবে গ্রহণ করা হয়। 'মিনুচি লিদুরবা' না-করে গোলায় ধান তোলা যেমন নিষিদ্ধ, তেমনি 'মকচ্ছিবা'র আগে নতুন চাল খাওয়া বারণ।[৬]

রংসুগালা

'রংসুগালা' আসামের গারো জনগোষ্ঠীরা উদ্‌যাপন করে। ঘরে ফসল তোলার পর তা করা হয়। 'রংসু' মানে চিড়া। নতুন ধানে বানানো চিড়া এই অনুষ্ঠানের মুখ্য উপকরণ।

ধানপাকা শুরু হলেই এই অনুষ্ঠানের প্রস্তুতি আরম্ভ হয়। আয়োজকরা ঘরে ঘরে তৈরি করা 'চু' (মদ) সংগ্রহ করে তখন থেকে। ক্ষেতের আধাপাকা ধান কিছুটা কেটে এনে বানানো হয় চিড়া। অনুষ্ঠানের দিন প্রথমে আরাধ্য দেবদেবীর উদ্দেশ্যে মদ ও চিড়া নিবেদন করা হয়। তারপর পাড়াপড়শি সকলে মিলে মহা ধুমধামে মদ-চিড়া খান। এই অনুষ্ঠানের মধ্যে দিয়ে নতুন শস্য আস্বাদনের প্রক্রিয়া শুরু হয়। রংসুগালা না-করলে পরবর্তী বছরের ফসল উন্নত হয় না বলে গারো জনগোষ্ঠীর বিশ্বাস।[৭]

মেউয়া তোলা

ঘরে ফসল তোলার পর এই পার্বণটি করেন বরাক উপত্যকার হিন্দু নারীরা অগ্রহায়ণ বা মাঘ মাসের যে কোনও বৃহস্পতিবারে। অনুষ্ঠানের উপকরণ— ধান মাড়াই করার সময় প্রতিদিনের তোলে রাখা ধানের খড়, কলাপাতা, হালচাষে ব্যবহৃত সরঞ্জাম, দূর্বাঘাস, নতুন ধান ইত্যাদি। অনুষ্ঠানের সকালে ঘরে লক্ষ্মীপূজা করেন গৃহস্থী। বিকেল বেলা উক্ত উপকরণগুলো উঠোনের মাঝখানে রাখেন। উদ্দিষ্ট দেবতাকে প্রার্থনা জানান সেখানে বসে।

গুচ্ছ সমূলে উৎপাটন করে, শেকড়ের অংশ ভালো করে ধুইয়ে, ত্রিভুজাকৃতির রূপে তা মাঠের কোথাও রেখে আসা হয়। পরের দিন ভোরবেলা ধূপদীপ, পান-তাম্বুল, কাটা নারিকেল একটি কলাপাতায় সাজিয়ে ওই ধানগুচ্ছের সামনে নিবেদন করে প্রার্থনা করা হয়। সঙ্গে থাকেন অন্যান্য নিমন্ত্রিত কৃষক। তারপর নিবেদিত উপকরণগুলো সকলে মিলে সেখানেই খান। ফেরার সময় ধানের কিছু অংশ মাঠে রেখে বাকিগুলো ঘরে নিয়ে আসেন। সুফলা ক্ষেতের মাটিকে রিক্ত করে রাখা অমঙ্গলসূচক— এই বিশ্বাসে কিছু গুচ্ছের পুনঃস্থাপন করা হয়। তাছাড়া এদিন গাছ থেকে ধান চুরানো নিষিদ্ধ। বাড়িতে এদিন নিরামিষ খাওয়ার রীতি।[৩]

এই অনুষ্ঠানের মধ্য দিয়ে বছর বছর সমৃদ্ধ ফসলের অধিকারী থাকার কামনা লক্ষ করা যায় উৎপাটিত গুচ্ছধানের কিয়দংশ পুনঃস্থাপনের সাংকেতিকতায়।

নতুন খাওয়া (ন-খোয়া)

'ন' মানে নতুন, 'খোয়া' হচ্ছে খাওয়া। কৃষিকাজ সম্পূর্ণ করে ফসল ঘরে তোলার পর এই পর্বটি উদ্‌যাপন করেন অসমিয়া জনগোষ্ঠী। এটি আনন্দপূর্ণ কৃষি উৎসব। অগ্রহায়ণ মাসের যে-কোনও একটি দিন অনুষ্ঠানপর্ব সাব্যস্ত করে শুরু হয় যোগাড় যন্ত্র। সেদিন ভাঁড়ার ধুইয়ে মুছে পবিত্র করা হয়। দুপুরবেলা সকালে তুলসীতলায় প্রদীপ ও ফলাহার সমেত কিছু ধান একটি থালায় রেখে লক্ষ্মীদেবীর আরাধনা করেন গৃহস্থ। তারপর ভাঁড়ারে গিয়ে থালা থেকে তিনমুষ্ঠি ধান সেখানে রাখেন। রাত্রিবেলা নতুন চালের পিঠাপুলি, মিষ্টান্ন ও রকমারি ভাত তরকারি পাড়া-পড়শি মিলে সানন্দে খান। কেউ কেউ ওইদিন একটি কলাগাছ রোপণ করেন।[৪]

বাঙালির 'নবান্ন' উৎসবের সঙ্গে উক্ত অনুষ্ঠানটি উদ্দেশ্যগতভাবে সাদৃশ্যযুক্ত।

রংকের পূজা

বর্ষণ বিনা কর্ষণ হয় না। তাই কর্ষণের জন্য মানুষ বৃষ্টি কামনা করে। 'রংকের পূজা' বৃষ্টি কামনা করে উদ্‌যাপিত হয়। অসমের কার্বি জনগোষ্ঠী পুজোটি করেন। রংকের সাতরকমের হয়। তার মধ্যে 'থান রংকের', 'আজ রংকের' ও 'আর্নাল রংকের' প্রধান। কার্বি জনগোষ্ঠী বিশ্বাস করেন যে, তাদের গ্রামে একজন শক্তধর সর্বক্ষণ বিচরণ করেন। তিনি সর্বকর্মের নিয়ন্তা। তাঁকে তুষ্ট না-রাখলে কোনোরূপ সফলতা অর্জিত হয় না বলে লোকবিশ্বাস। রংকের পূজা ওই শক্তিধরকে তুষ্ট করার জন্য পালিত হয়। পুজোর আগের দিন গ্রামপ্রধানের বাড়িতে সকলে জমায়েত হন এবং প্রস্তুতিমূলক কার্যক্রম সাব্যস্ত হয়। এই পুজোর উপকরণ— কলাপাতা, তারাপাতা (একধরনের লাল ফুলের গাছ), তাম্বুল-পান, পিঠাপুলি ইত্যাদি। পুজোর জন্য একটি বেদী বানানো হয়। বেদীর সামনে বলি দেওয়া হয়— হাঁস, মুরগি, কবুতর ও ছাগল। অনুষ্ঠানের দিন সকালে সংশ্লিষ্ট স্থানে সকলে মিলে সানন্দে খাওয়াদাওয়া করেন। তারপর আহারান্তে কলাপাতায় কিছু খাদ্যসামগ্রী সাজিয়ে রেখে তার উপর কিছু খড় যোগচিহ্নের মতো করে রাখা হয় এবং তা চারজন মিলে উপরে

those from the external environment and under their influence creatively forms his opinion of himself and the world" (Ansbacher 366). Family and living environment play a crucial role in the life of people by shaping their perception on themselves and the outside world. For Florens, after her arrival in the Vaark farmstead, she tries to please everyone in order to get rid of her feelings of inferiority caused by her mother's abandonment, by others' love and affection. Wry of her feelings of inferiority, she always lives in fear of being abandoned again and therefore puts herself in a low position to get approval of others. Even Scully, the indentured worker finds her "a combination of defencelessness', eagerness to please and most of all a willingness to blame herself for the meanness of others." (Morrison 61). Her mother's abandonment is so deep that her life is always governed by the shadow of inferiority and the fear of being rejected. When Lean, a senior slave of the house takes her under her wing and treats her with kindness and motherly love, the emotionally starved Florens lets herself be guided and controlled by her. Her life changes upon the arrival of the 'Blacksmith' in the Vaark farms. She falls in love with him and silently stalks him during his stay. Love from the 'Blacksmith' becomes her sole reason for survival. She regards him as her protector and her world. She insists on her love as if it's the last thing that would save her from the pits of inferiority. Florens is overjoyed at the prospect of being sent by Lena to find him in order to cure her mistress's illness. Never having ventured outside the Vaark farmstead alone, Florens braves many difficulties and at last finds the Blacksmith and is affectionately received by him. When she finds a small child in the house of the 'Blacksmith' she is filled with jealousy and feels threatened by the child's presence. So obsessed is she with her desire to be the sole focus of the Blacksmith's love that she even views the child as a contender of the 'Blacksmith's' love. She is constantly reminded of her mother's act of choosing her little brother over her and in a moment of heat roughly scratches and beats the child who loses consciousness. Upon witnessing the scene, the Blacksmith rejects Florens and sends her back to her mistress Rebecca. Florens' worst nightmare is realised in her failure in securing the Blacksmith's love. She descends into an even deeper sense of inferiority. Florens' entire life revolves around this inferiority complex, which she tries to overcome by trying to get the love and approval of others. The rejection of the blacksmith is like a death knoll to her attempts to please others, to get their approval and she transforms from an amiable girl to one

who doesn't care for others opinion, doesn't talk to others and becomes almost feral in her behaviour. However unknown to her in the final chapter of the narrative, Morrison gives Minah Mae a chance to narrate her side of the story to the readers. Minah Mae belonging to the D'Ortega plantations was routinely abused sexually by her master. She being a mere slave was helpless in her situation and was aware of the inevitable sexual abuse of her daughter if she continued to live in the D'Ortega farms. Therefore seeing that Jacob Vaark was a relatively better man who would at least never sexually abuse Florens, she gave her daughter up . Minah Mae is aware that there is guarantee for a slave, no protection from abuse, but she knows there is a difference in abuse. For her by giving her daughter up she would at least protect her from sexual abuse, and give her an opportunity for a better life than her. That was enough. Though ironically this reason is never known to Florens or anyone else other than the readers of the novel. As Amanda Putnam suggests, Florens mother was "begging to save her infant son (who would likely die without her care) as well as providing a life altering opportunity for her daughter, this mother gives away her own chance of living a better life so that both her children will survive" (Putnam 8). She had very limited choice but even then she fights for her children. Hooks explains that, "in the midst of a brutal racist system, which did not value black life, the slave mother valued the life of her child enough to resist the system" (Hooks 44). Minah Mae refuses the role of a helpless victim and takes whatever action available, which in her case was offering her daughter up as a form of payment for her master's debt. This act of willingly selling her daughter, though unconventional becomes her act of protecting her daughter, her act of mercy for her daughter.

Morrison has always been rather fond of the concept of motherhood in her novels wherein she never sticks to the stereotypical notions and conventions of Western concept of motherhood. She tries to explore the different shades of motherhood, particularly black motherhood in different contests, which are varied in nature due to the exploitation of black people under the institution of slavery. Andrea O' Reilly believes Morrison articulates a fully developed theory of African American mothering that is central to her larger political and philosophical stance on black womanhood. Building upon black women's experiences of perspectives on motherhood, Morrison develops a view of black motherhood that is in terms of both maternal identity and role

ক্রিয়াচারটি পালন করার আগে অর্থাৎ প্রথমদিন গৃহস্থ তার প্রতিবেশিদেরকে চারা রোপণের বার্তা দেন এবং পরের দিন অন্নভোজনের নিমন্ত্রণ জানান। দ্বিতীয়দিন অভ্যাগতদের বিশেষ করে চাষীদের ভালো করে খাওয়ান এবং তৃতীয়দিন অর্থাৎ ক্রিয়াচারের আগের দিন রোপণ নিমিত্ত জায়গাটিতে হালচাষ করেন।[১]

কৃষিকেন্দ্রিক এই ক্রিয়াচারে গৃহস্থের অধিক ফসল লাভের কামনা লক্ষ করা যায়। এতে ব্যবহৃত উপকরণ হচ্ছে কচুগাছ, সুপারি আর কলাপাতা। আর ক্রিয়ামূলক আচারটি হচ্ছে— নেমতন্ন খাওয়ানো, গামছার জল ছিটানো, লক্ষ্মীস্বরূপা কচুগাছ স্থাপনা এবং কথাবৃত্তি করা।

ছুংখং পূজা

আসামের প্রধানত কার্বি আংলং, নগাঁও, মরিগাঁও, কামরূপ, দরং, লক্ষ্মিমপুর ইত্যাদি জেলায় ছুংখং পূজার অধিক প্রচলন দেখা যায়। তিওয়া তথা লালুং জনগোষ্ঠীর মানুষেরা এটি করেন। মাঠে হলকর্ষণের প্রাক্কালে অনুষ্ঠানটি করা হয়।

